# পীরগঞ্জ উপজেলা পরিষদ
## পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
## https://pirganj.thakurgaon.gov.bd

**স্মারক নং-** ৪৬.৫৫.৯৪৮২.০০৪.০৬.০০১.২৪-৭৮

**তারিখ:** ২৮ কার্তিক ১৪৩১ / ১৩ নভেম্বর ২০২৪

## "নোটিশ"

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, পীরগঞ্জ উপজেলা পরিষদের নভেম্বর ২০২৪ খ্রিঃ মাসের মাসিক সভা আগামী ২১-১১-২০২৪ খ্রিঃ তারিখ রোজ- বৃহস্পতিবার, দুপুর ১২:০০ টায় উপজেলা পরিষদ সভা কক্ষে প্রশাসক, উপজেলা পরিষদ মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হবে।

সভায় আপনাকে কার্যপত্রসহ যথা সময়ে উপস্থিত হওয়ার জন্য অনুরোধ করা হলো।

**আলোচ্য সূচি :**

১। এডিপিসহ বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পের অগ্রগতি ও বাস্তবায়ন সম্পর্কে আলোচনা।

২। বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা ও

৩। বিবিধ।

(মোঃ রমিজ আলম)
উপজেলা নির্বাহী অফিসার
ও
প্রশাসক
পীরগঞ্জ উপজেলা পরিষদ
পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

**বিতরণ : কার্যার্থে :**

১। ............................................................., পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

২। চেয়ারম্যান ..................................................., (সকল) ইউ.পি, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

৩। ................................................................।

**স্মারক নং-** ৪৬.৫৫.৯৪৮২.০০৪.০৬.০০১.২৪-৭৮

**তারিখ:** ২৮ কার্তিক ১৪৩১ / ১৩ নভেম্বর ২০২৪

**অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ**

১। জেলা প্রশাসক, ঠাকুরগাঁও।

২। অফিস কপি।

(মোঃ রমিজ আলম)
উপজেলা নির্বাহী অফিসার
ও
প্রশাসক
পীরগঞ্জ উপজেলা পরিষদ
পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

মোঃ শফিকুল ইসলাম রাজিব, সি.এ./উপজেলা পরিষদ কার্যালয়/পীরগঞ্জ/ঠাকুরগাঁও/মাসিক সভার নোটিশ/উমাস/নভেম্বর ২০২৪

## ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণের স্বাক্ষর

১. চেয়ারম্যান, ১ নং ভোমরাদহ ইউ.পি. →

২. চেয়ারম্যান, ২ নং কোষারাণীগঞ্জ ইউ.পি. →

৩. চেয়ারম্যান, ৩ নং খনগাঁও ইউ.পি. →

৪. চেয়ারম্যান, ৫ নং সৈয়দপুর ইউ.পি. →

৫. চেয়ারম্যান, ৬ নং পীরগঞ্জ ইউ.পি. →

৬. চেয়ারম্যান, ৭ নং হাজীপুর ইউ.পি. →

৭. চেয়ারম্যান, ৮ নং দৌলতপুর ইউ.পি. →

৮. চেয়ারম্যান, ৯ নং সেনগাঁও ইউ.পি. →

৯. চেয়ারম্যান, ১০ নং জাবরহাট ইউ.পি. →

১০. চেয়ারম্যান, ১১ নং বৈরচুনা ইউ.পি. →

সময়: ১২-০০টা।

উপস্থিত কর্মকর্তা ও অন্যান্যবৃন্দের স্বাক্ষর:

| ক্র: নং | নাম ও পদবী | স্বাক্ষর |
|---|---|---|
| ০১ | আলমগীর মো: রুহুল ইসলাম, সহকারী প্রকৌশলী বরেন্দ্র কর্তৃপক্ষ | 21.11.24 |
| ০২. | মো: খুরশেদুল ইসলাম UAS, USEO | |
| ০৩. | মো: নাহিদ হাসান, এস আই, উপজেলা পরিসংখ্যান অফিস | |
| ০৪. | নিখিল চন্দ্র বর্মন - উপ(জেলা তথ্য) নিবন্ধক — | 21.11.24, |
| ০৫. | মো: আসাদুজ্জামান আলী — কৃষি বিভাগ | |
| ০৬. | এস,এম, জুবায়ের উদ্দিন UDF-UGDP | |
| ০৭. | রুবেল ইসলাম এজি.এম পল্লী বিদ্যুৎ সমিতি | |
| ০৮. | মোছা: মুন্নি আক্তার- তথ্য কেন্দ্র পীরগঞ্জ | |
| ০৯. | মো: মাহমুদুর রহমান UFPO, Pirganj | |
| ১০. | সুমিত গুপ্ত, ICT officer | |
| ১১. | মির্জা মনোয়ার হোসেন, UYDO | |
| ১২, | মো: আহমেদ হোসেন U.E.O পীরগঞ্জ, | |
| ১৩. | ডা: রনজিৎ চন্দ্র সিংহ ULO. | |
| ১৪. | মো: হাবিবুল ইসলাম, উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার | |
| ১৫. | মো: সাকিব হোসেন উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা | |
| ১৬. | এস এম রফিকুল ইসলাম USSO | |
| ১৭. | মো: খালেদ মোশারফ, SUFO | 21.11.24 |
| ১৮. | মো: সাইদুল ইসলাম, UE | |
| ১৯. | মো: তরিকুল ইসলাম. ওসি পীরগঞ্জ থানা | |
| ২০. | ডা: মো: আব্দুর রহমান UHFPO | |
| ২১, | মোছা: জিন্নাতুন ইয়াসমিন UWAO — | 21.11.24 |
| ২২. | নূর মো: চৌধুরী — প্রতিনিধি সহ: — | 21/11/24 |

# উপজেলা পরিষদ পীরগঞ্জ, ঠাকুরগাঁও'র নভেম্বর ২০২৪ খ্রিঃ মাসের মাসিক সভার কার্যবিবরণী ঃ

**সভাপতি** ঃ মোঃ রমিজ আলম
প্রশাসক, উপজেলা পরিষদ
পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

**তারিখ** ঃ ২১-১১-২০২৪ খ্রিঃ

**সময়** ঃ দুপুর ১২:০০ টা।

**স্থান** ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ।

**পরিশিষ্ট - 'ক'**- সভায় উপস্থিত সদস্য বৃন্দ, **পরিশিষ্ট - 'খ'**- সভায় অনুপস্থিত সদস্য বৃন্দ

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। উপজেলা নির্বাহী অফিসার সভার শুরুতে বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। কার্যবিবরণীতে কোনরূপ সংশোধন বা বিয়োজন না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়। অতঃপর বিভিন্ন বিভাগের উন্নয়নমূলক কার্যক্রম বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহিত হয় :

| ক্রঃ নং | বিভাগের নাম | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত/বাস্তবায়নকারী কর্তৃপক্ষ | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ০১ | উপজেলা প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, এডিপি'র ১ম কিস্তির বরাদ্দ পাওয়া গেছে। প্রকল্প বাস্তবায়নের জন্য প্রকল্প বাস্তবায়ন কমিটির নিকট প্রকল্প চাহিদার জন্য অনুরোধ করা হয়।<br>তিনি আরও জানান, গত ১৫-০৭-২০২৪ খ্রিঃ তারিখে জাবরহাট ইউ.পি'র পুরাতন জরার্জীণ ভবন নিলামের মাধ্যমে অপসারণের জন্য বিজয়ী প্রতিষ্ঠানকে কার্যাদেশ প্রদান করা হয়। প্রতিষ্ঠানটি জরার্জীণ ভবনটি অপসারণ না করলে পুনরায় ০৬-১১-২০২৪ খ্রিঃ তারিখে ২য় বার আবারও ০৭ দিনের সময় দিয়ে পত্র প্রেরণ করা হয়। কিন্তু উক্ত সময়ের মধ্যেও জরার্জীণ ভবনটি অপসারণ করা হয়নি। এ প্রেক্ষিতে উপজেলা নিলাম কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক বিজয়ী প্রতিষ্ঠানটির জমাকৃত টাকা বাজেয়াপ্ত করা এবং নিলাম বাতিল করা হয়। এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উক্ত সিদ্ধান্তটি সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হয়।<br>তিনি আরও জানান, উপজেলা পরিষদ চত্বরে অবস্থিত বাসাবাড়িতে অবস্থানরত বিভিন্ন কর্মকর্তা ও কর্মচারিবৃন্দ তাদের বরাদ্দকৃত বাসাবাড়ির ভাড়া নিয়মিত পরিশোধ করছেন না। এ প্রেক্ষিতে গত ২৮-০৭-২০২৪ ও ১৭-০৯-২০২৪ খ্রিঃ তারিখে পত্র দেওয়া হলেও বাসাবাড়ির ভাড়া পরিশোধ করেন নি। গত ০৫-১১-২০২৪ খ্রিঃ তারিখে উপজেলা বাসাবাড়ি বরাদ্দ কমিটির সিদ্ধান্ত মোতাবেক উপজেলা নির্বাহী অফিসার মহোদয় ০৬-১১-২০২৪ খ্রিঃ তারিখে সংশ্লিষ্ট সকলকে বাসাবাড়ির ভাড়া পরিশোধ করার জন্য পত্র দেন। উক্ত পত্রের আলোকে অল্প কয়েকজন তাদের বাসাবাড়ির ভাড়া পরিশোধ করেছেন। কিন্তু অধিকাংশ জনই বাসাবাড়ির ভাড়া পরিশোধ করেন নি। এ বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ জানান। এছাড়াও অন্যান্য দাপ্তরিক কার্যক্রমসমূহ স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | ১) প্রকল্প বাস্তবায়নের জন্য প্রকল্প বাস্তবায়ন কমিটির নিকট প্রকল্প চাহিদা দেওয়ার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>২) জাবরহাট ইউ.পি'র পুরাতন জরার্জীণ ভবনটি অপসারণের বিষয়ে উপজেলা নিলাম কমিটির সভার সিদ্ধান্তটি সংশ্লিষ্ট সকলকে অবহিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৩) উপজেলা পরিষদ চত্বরে অবস্থিত বাসাবাড়িতে অবস্থানরত বিভিন্ন কর্মকর্তা ও কর্মচারিবৃন্দ বারবার তাগিদ পত্র দেওয়ার পরও এখনও যারা বাসাবাড়ির ভাড়া বকেয়াসহ পরিশোধ করেন নি, বাসাবাড়ির ভাড়া বকেয়াসহ আদায় করার নিমিত্তে সংশ্লিষ্ট কর্মকর্তা/ কর্মচারীর উর্দ্ধতন কর্তৃপক্ষের নিকট পত্র প্রদানের বিষয়টি সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | ১) উপজেলা প্রকৌশলী<br>২) উপজেলা নিলাম কমিটি<br>৩) উপজেলা বাসাবাড়ি বরাদ্দ কমিটি, পীরগঞ্জ। |

| | | | | |
|---|---|---|---|---|
| ০২ | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা সভায় জানান যে, জরুরী বিভাগে সেবা প্রাপ্ত মোট রোগীর সংখ্যা ৯৪১ জন, বহি: বিভাগে সেবা প্রাপ্ত মোট রোগীর সংখ্যা ৬,৫৭৯ জন, অন্ত: বিভাগে সেবা প্রাপ্ত মোট রোগীর সংখ্যা ১,৪০৫ জন, নরমাল ডেলিভারীর সংখ্যা ৬৮ টি, সিজারিয়ান অপারেশন ০০ টি, নবজাতকের মৃত্যু ০০ টি, এ.এন.সি. সেবা প্রদান করা হয়েছে ৫০০ জনকে, পি.এন.সি. সেবা প্রদান করা হয়েছে ১৩৮ জনকে। ৩৪ জন ডেঙ্গু রোগী চিকিৎসা গ্রহণ করেছেন। কোটা আন্দোলন ভর্তিকৃত চিকিৎসা গ্রহণ করেছেন ০২ জন। ডায়রিয়া বা অজ্ঞাত রোগের প্রাদুর্ভাব নাই। তিনি আরও জানান, উপজেলায় ১০ টি ইউনিয়নে মোট ২৮ টি কমিউনিটি ক্লিনিক চালু রয়েছে। কমিউনিটি ক্লিনিকসমূহে যথেষ্ট পরিমাণে ঔষধ সরবরাহ রয়েছে। মাঠ পর্যায়ে EPI কাজের অর্জন ১০০%। | হাসপাতাল দালালমুক্তসহ ও বিভিন্ন রকম ওষুধ কোম্পানীর প্রতিনিধিকে নিরুৎসাহিত করণের বিষয়ে প্রয়োজনীয় কার্যকর উদ্যোগ গ্রহণ করতে হবে ও সেবার মান বৃদ্ধি করতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, পীরগঞ্জ। |
| ০৩ | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পঃ পঃ কর্মকর্তা সভায় জানান যে, তাঁর দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তাঁর দপ্তরের কার্যক্রমের অগ্রগতির প্রতিবেদন নিম্নরূপ ঃ<br>(১) সক্ষম দম্পতি- ৫১,৭১২ জন, (২) মোট গ্রহণকারী- ৪০,৯০৭ জন, (৩) খাবার বড়ি - ২৩,৫৩২ জন (৪) কনডম- ২,২৪৮ জন (৫) ইনজেকটেবলস্ (ভায়াল)- ৭,৮৩০ (৬) আইইউডি- ১৮ (৭) ইমপ্ল্যানন- ৭৮ (৮) স্থায়ী পদ্ধতি (পুরুষ)- ০৪ জন (৯) স্থায়ী পদ্ধতি (মহিলা)- ০৩ জন (১০) মোট ব্যবহারকারী- ৩৭,৬৫১ জন (১১) ডেলিভারী (নতুন)- ১৪ (১২) পদ্ধতি গ্রহণকারীর হার- ৭৯.১১% (১৩) মোট জনসংখ্যা- ২,৪৩,৫৩৫ জন (আদমশুমারী অনুযায়ী)। | শিশু জন্মের ৪৫ দিনের মধ্যে অবশ্যই জন্ম নিবন্ধন করার বিষয়ে জনসচেতনতা বাড়াতে হবে এবং প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | ১) উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা,<br>২) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান, (সকল) পীরগঞ্জ। |
| ০৪ | উপজেলা কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় অনুপস্থিত। | আগামী সভা হতে নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা কৃষি কর্মকর্তা, পীরগঞ্জ। |
| ০৫ | উপজেলা প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় সকল কার্যক্রম- চিকিৎসা, টিকা প্রদান, কৃত্রিম প্রজনন, প্রশিক্ষণ, উঠান বৈঠক ও অন্যান্য সম্প্রসারণ কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। নিম্ন-বর্ণিত কার্যাবলী সম্পাদিত হয়েছে।<br>১। কৃত্রিম প্রজনন কার্যক্রমঃ ১৩৯৪<br>২। গবাদিপশুর টিকা প্রদান ঃ ১০০০<br>৩। হাঁস-মুরগির টিকা প্রদানঃ ৩৩০০০<br>৪। গবাদিপশুর চিকিৎসা প্রদান ঃ ৩৭০৪<br>৫। হাঁস-মুরগির চিকিৎসা প্রদানঃ ২০১৬৯<br>৬। ফ্রি ভেটেরিনারি মেডিকেল ক্যাম্প পরিচালনাঃ ০১<br>৭। খামারী প্রশিক্ষণ প্রদানঃ ৩০<br>৮। উঠান বৈঠকের আয়োজনঃ ০৬<br>৯। খামার/ফিডমিল/হ্যাচারী পরিদর্শনঃ ১০<br>২০২৪ সালের মধ্যে বাংলাদেশ থেকে ছাগল ও ভেড়ার পিপিআর রোগ নির্মূলের লক্ষ্যে "পিপিআর রোগ নির্মূল ও ক্ষুরারোগ নিয়ন্ত্রণ প্রকল্পের" আওতায় ০১-১০-২০২৪ খ্রিঃ তারিখ হতে ১৮-১০-২০২৪ খ্রিঃ তারিখ পর্যন্ত ছাগল ও ভেড়ার ফ্রি পিপিআর টিকা প্রদান করা হয়েছে। এ ক্যাম্পেইন এর আওতায় শতভাগ ছাগল ও ভেড়াকে পিপিআর টিকা দেয়া হয়েছে। পীরগঞ্জ উপজেলায় মোট ১৪২০০০ ছাগল ও ভেড়াকে এ টিকা প্রদান করা হয়েছে। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং জোরদার করতে হবে। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, পীরগঞ্জ। |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৬ | উপজেলা মৎস্য বিভাগ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, অক্টোবর/২৪ খ্রিঃ মাসে ২১ (একুশ) জন মৎস্য চাষিকে আধুনিক মাছ চাষ প্রযুক্তি বিষয়ক ও ৬ (ছয়) জন মৎস্য চাষিকে রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধে মৎস্য খামার ও পুকুর পরিদর্শনপূর্বক পরামর্শ প্রদান করা হয়। জাবরহাট ইউনিয়নের বৃদ্ধিগাঁও বিল ও সেতারা এলাকার প্লাবন ভূমিতে মৎস্য আইন বাস্তবায়নে মোবাইল কোর্টের মাধ্যমে ২২ টি নিষিদ্ধ চায়না দুয়ারি/রিং জাল ও ০৮ টি কারেন্ট জাল জব্দ ও বিনষ্ট করা হয়। পাশাপাশি সহকারী কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট, পীরগঞ্জ নিষিদ্ধ জাল ব্যবহার করার কারণে মৎস্য সংরক্ষণ আইনে একজনকে ২০০/- অর্থদন্ড প্রদান করেন। মাছের অবাধ বিচরণ নির্বিঘ্ন রাখার লক্ষ্যে কারেন্ট জাল, চায়না দুয়ারী জালসহ সকল অবৈধ জাল/অবকাঠামো (Fixed Engine) অপসারণ বিষয়ে আলোচনা হয়। বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং আরও জোরদার করতে হবে। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, পীরগঞ্জ। |
| ০৭ | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা'র প্রতিনিধি সভায় জানান যে, ৬ষ্ঠ-৯ম শ্রেণির বার্ষিক পরীক্ষা ২০২৪ এর প্রশ্নপত্র নিজস্ব ব্যবস্থাপনায় প্রণয়ন পূর্বক যথাসময়ে পরীক্ষা আয়োজন করার নির্দেশনা প্রদান করা হয়েছে। বার্ষিক শিক্ষা প্রতিষ্ঠান জরিপ (আইএমএস) ২০২৪ কার্যক্রম চলমান রয়েছে এবং নির্দিষ্ট সময়ে অনলাইনের মাধ্যমে সম্পন্ন করার জন্য প্রতিষ্ঠান প্রধানগণকে অবহিত করা হয়েছে। ২০২৫ সালের এসএসসি পরীক্ষার জন্য বোর্ড কর্তৃক নির্ধারিত ফরম পূরণ ফি গ্রহণের বিষয়টি নিশ্চিত করার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। এছাড়া ও বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং আরও জোরদার করতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, পীরগঞ্জ। |
| ০৮ | উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, প্রাথমিক বিদ্যালয়ের বার্ষিক পরীক্ষা আগামী ০২-১২-২০২৪ থেকে ১১-১২-২০২৪ খ্রিঃ তারিখ পর্যন্ত নেওয়ার বিধান রয়েছে। এ বিষয়ে সহকারি প্রাথমিক শিক্ষা অফিসারগণ তৎপর রয়েছেন। যথাসময়ে সম্পন্ন করা হবে। সরকারি শিক্ষকগণের সরকারের নির্দেশনা মত সম্পদ বিবরণী দাখিল কার্যক্রম চলমান রয়েছে। শিক্ষকদের ইউআরসি-তে বাংলা বিষয়ের প্রশিক্ষণ ৩ ব্যাচ সম্পন্ন হয়েছে। প্রধান শিক্ষকদের ১৫ দিনের লিডারসীপ প্রশিক্ষণ খুব শিঘ্রিই শুরু হবে। ৪ ব্যাচে ১২০ জন প্রধান শিক্ষক নিবেন। শিশুদের মানসম্মত প্রাথমিক শিক্ষা বাস্তবায়নে বানান এবং রিডিং এর উপর বেশি গুরুত্ব দেওয়া হচ্ছে। সাবলিলভাবে পড়তে পারে না, এমন শিশুদের তালিকা বিদ্যালয় ভিত্তিক করে বিশেষ যত্ন নেওয়ার নির্দেশনা প্রধান শিক্ষকদের দেওয়া হয়েছে। প্রাথমিক শিক্ষার গুনগত মান উন্নয়নের জন্য শিক্ষা সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ, জনপ্রতিনিধি, উপজেলায় কর্মরত কর্মকর্তাগণ পরিদর্শন করলে শিক্ষার মান উন্নত হবে মর্মে উল্লেখ করেন। এছাড়া ও বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং আরও জোরদার করতে হবে। | উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, পীরগঞ্জ। |
| ০৯ | উপজেলা সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, বেঁদে, অনগ্রসর, হিজড়া জনগোষ্ঠী ও প্রতিবন্ধীদের ভাতা প্রদানের অনলাইন আবেদনের শেষ সময়সীমা ৩০ নভেম্বর পর্যন্ত বৃদ্ধি হয়েছে। এ বিষয়ে সকল সম্মানিত চেয়ারম্যানগণকে বিষয়সমূহ ব্যাপক প্রচারের নিমিত্ত অনুরোধ করা হয়। এছাড়াও বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। | বেঁদে, অনগ্রসর, হিজড়া জনগোষ্ঠী ও প্রতিবন্ধীদের ভাতা প্রদানের অনলাইন আবেদনের শেষ সময়সীমা ৩০ নভেম্বর পর্যন্ত বৃদ্ধি বিষয়টি | ১) উপজেলা সমাজসেবা কর্মকর্তা, ২) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | ব্যাপকভাবে প্রচারের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | (সকল) পীরগঞ্জ। |
| ১০ | উপজেলা খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় নিম্নরূপ তথ্য উপস্থাপন করেন : <br> **পীরগঞ্জ :** <br> চাল বোরো ২৪ : ৪৪৪১.১৭৩ মে:টন, ফলিত : ৮৪১.৭৭৬ মে:টন। সর্বমোট চাল ৫২৮২.৯৪৯ মে: টন ও সর্বমোট খালি বস্তা ২২,০৬৯ খানা। <br> **ভোমরাদহ :** <br> চাল বোরো ২৪ : ৭৯৯.৭১০ মে:টন, চাল বোরো ফলিত ২০২৪ : ৩৬২.৭১২ মে:টন। সর্বমোট চাল ১১৬২.৪২২ মে: টন ও সর্বমোট খালি বস্তা ৫,৮০৭ খানা। এছাড়াও বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং আরও জোরদার করতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, পীরগঞ্জ। |
| ১১ | উপজেলা ত্রাণ বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় অনুপস্থিত। | আগামী সভা হতে নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, পীরগঞ্জ। |
| ১২ | উপজেলা মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা'র প্রতিনিধি সভায় নিম্নরূপ তথ্য উপস্থাপন করেন ঃ <br> **১) ভালনারেবল উইমেন বেনেফিট (ভিডব্লিউবি) কার্যক্রম :** এই কর্মসূচির আওতায় ২০২৪-২০২৫ অর্থ বছরের উপকারভোগী মোট ২৫৫৮ জন। সেপ্টেম্বর/২০২৪ মাসে খাদ্য বিতরণ সম্পন্ন হয়েছে। বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে অক্টোবর/২০২৪ মাসের ডিও প্রদান করা হবে। <br> **২) মা ও শিশু সহায়তা তহবিল :** ২০২৪-২০২৫ অর্থবছরের "মা ও শিশু সহায়তা তহবিল" কর্মসূচির আওতায় জুলাই/২০২৪ হতে প্রতি ইউনিয়নে ০৯ জন করে উপকারভোগী বরাদ্দ পাওয়া গেছে। কার্যক্রম চলমান রয়েছে। <br> **৩) মহিলাদের আত্মকর্মসংস্থানের জন্য ক্ষুদ্রঋণ কার্যক্রম :** মহিলাদের আত্মকর্মসংস্থানেরজন্য ক্ষুদ্রঋণ কার্যক্রম এর আওতায় মোট ৩২১ জন মহিলাকে ঋণ প্রদান করা হয়েছে। ঋণ আদায়ের হার ৭৪%। ২০২২-২০২৩ অর্থবছরে ১০ জন ঋণ গ্রহিতাকে ৪,২০,০০০/- টাকা ঋণ প্রদান করা হয়। ঋণ আদায়ের হার ১০০%। <br> **৪) মহিলা প্রশিক্ষণ কেন্দ্র (WTC) :** "আধুনিক দর্জিবিজ্ঞান ও এমব্রয়ডারী" ট্রেডে অক্টোবর/২৪ হতে ডিসেম্বর/২৪ পর্যন্ত ৩০ (ত্রিশ) জন প্রশিক্ষণার্থীর প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। <br> **৫) কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প :** অত্র উপজেলায় ১১ টি কিশোর কিশোরী ক্লাবের কার্যক্রম চলমান রয়েছে। জানুয়ারি ২০২৪ হতে ডিসেম্বর ২০২৪ পর্যন্ত ৪র্থ (চতুর্থ) ব্যাচে নতুন ক্লাব সদস্য ভর্তি করা হয়েছে। প্রতি ক্লাব সদস্যদের ৩০ টাকা হারে পুষ্টিকর/স্বাস্থ্যসম্মত নাস্তা সরবরাহ করা হচ্ছে। <br> **৬) উঠান বৈঠক/আলোচনা সভা ঃ** যৌতুক, বাল্যবিবাহ, মানবপাচার এবং নারী ও শিশু নির্যাতন প্রতিরোধে সভা ও উঠান বৈঠক কার্যক্রম অব্যাহত আছে। এছাড়াও বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। | সকল ভাতা যেন নীতিমালা অনুযায়ী হয়, সে বিষয়ে মনিটরিং জোরদার করতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, পীরগঞ্জ। |

<table>
<tr><td>১৩</td><td>উপজেলা জনস্বাস্থ্য বিভাগ</td><td>উপঃ সহকারি প্রকৌশলী জনস্বাস্থ্য সভায় অনুপস্থিত।</td><td>আগামী সভা হতে নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।</td><td>উপঃ সহঃ প্রকৌশলী জনস্বাস্থ্য কর্মকর্তা, পীরগঞ্জ।</td></tr>
<tr><td>১৪</td><td>উপজেলা সমবায় বিভাগ</td><td>উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, অত্র উপজেলা সমবায় বিভাগে আলোচ্য অডিট বর্ষে অডিট যোগ্য সমবায় সমিতির সংখ্যা বর্তমানে ১৯৩ টি। ইতিমধ্যে ২০২২-২০২৩ সালের বার্ষিক আডিট সম্পন্ন হয়েছে ৬০ টি। বিগত মাসে ৪৮ টি। বর্তমান মাসে ১২ টি মোট ৬০ টি সমিতি অডিট সম্পন্ন হয়েছে। সমিতির তদারকী কার্যক্রম নিয়মিত করা হচ্ছে। প্রতি মাসে ০৪ টি সমিতি পরিদর্শন করা হয়। সমিতিগুলির ব্যবস্থাপনা কমিটি নিয়মিত করার লক্ষ্যে এ পর্যন্ত মোট ২০ টি সমিতির নির্বাচন কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করা হয়। বাকিগুলির নির্বাচন কার্যক্রম চলছে। উপজেলার বর্তমান বৎসরে ২৮ টি সমবায় সমিতির নির্বাচন অনুষ্ঠিত হবে। বর্তমান অর্থ বছরে (২০২১-২২) অডিট ফি (রাজস্ব) ১১১৬০০/-টাকা এবং সরকারি ভ্যাট ১৬৭৪৮/- টাকা। সরকারি কোষাগারে ট্রেজারী চালানের মাধ্যমে জমা করা হয়। সমবায় উন্নয়ন তহবিল ১৭৭৫৫৩/- টাকা অনলাইন ডিডির মাধ্যমে জমা করা হয়। এছাড়াও অন্যান্য বিভাগীয় কার্যক্রম যথারিতি চলছে।<br>এছাড়াও জনগাঁও আশ্রায়ণ প্রকল্প ফেইজ-২ পকল্পে, ৯৬ জন সদস্যের মাঝে ক্রমপুঞ্জিভূত = ১৫,৬৫,০০০/- টাকা বিভিন্ন ট্রেডে ক্ষুদ্র ঋণ বিতরণ করা হয়েছে। আলোচ্য মাসে আদায় আসল ০০ টাকা এবং সার্ভিজ চার্জ ০০ টাকা। মোট আসল আদায় ১০০১০৯৬/- টাকা এবং সার্ভির্স চার্জ ৮১৯১১/- টাকা। অনাদায়ী টাকা আদায়ের জোড় প্রচেষ্টা চলছে। আদায়ের শতকরা হার ৬৫%।</td><td>চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং জোরদার করতে হবে।</td><td>উপজেলা সমবায় কর্মকর্তা, পীরগঞ্জ।</td></tr>
<tr><td>১৫</td><td>উপজেলা যুব উন্নয়ন বিভাগ</td><td>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় নিম্নরূপ তথ্য উপস্থাপন করেন :
<table>
<tr><td>মোটা ঋণ তহবিল</td><td>১৫৬৮৮৮৫০/-</td></tr>
<tr><td>চলতি অর্থবছরে ঋণ বিতরণ</td><td>০</td></tr>
<tr><td>চলতি অর্থবছরেআদায়</td><td>৬৪৫৪৮০/-</td></tr>
<tr><td>চলতিআদায়েরহার</td><td>৯৮%</td></tr>
<tr><td>চলতি অর্থবছরেঋণীরসংখ্যা</td><td>০</td></tr>
<tr><td>চলতি অর্থবছরেপ্রশিক্ষণপ্রাপ্ত</td><td>৯০জন</td></tr>
<tr><td>চলতি অর্থবছরেআত্নকর্মি</td><td>২০জন</td></tr>
<tr><td>ক্রমপুঞ্জিত ঋণ বিতরণ</td><td>১৬২৭৯২৫০০/-</td></tr>
<tr><td>ক্রমপুঞ্জিতআদায়যোগ্য</td><td>১৬১০৬৬৪০০/-</td></tr>
<tr><td>ক্রমপুঞ্জিতআদায়</td><td>১৫৮১৭২৩৫৭/-</td></tr>
<tr><td>ক্রমপুঞ্জিতআদায়েরহার</td><td>৯৮%</td></tr>
<tr><td>ক্রমপুঞ্জিতঋণীরসংখ্যা</td><td>২৯৫৬৬ জন</td></tr>
<tr><td>ক্রমপুঞ্জিতপ্রশিক্ষণপ্রাপ্ত</td><td>৯৯৫৩জন</td></tr>
<tr><td>ক্রমপুঞ্জিতআত্নকর্মি</td><td>৪৮৫২জন</td></tr>
</table>
এছাড়াও দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে।</td><td>চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং জোরদার করতে হবে।</td><td>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, পীরগঞ্জ।</td></tr>
</table>

<table>
<tr>
<td>১৬</td>
<td>উপজেলা পরিসংখ্যান বিভাগ</td>
<td>উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা'র প্রতিনিধি সভায় নিম্নরূপ তথ্য উপস্থাপন করেন :<br>০১। আমন ফসলের নমুনা কর্তন- ১০ টি ।<br>০২। ১২ টি অস্থায়ী ফসলের আনুমানিক হিসাব ।<br>০৩। ০২ টি স্থায়ী ফসলের আনুমানিক হিসাব ।<br>০৪। মাসিক কৃষি মজুরীর তথ্য সংগ্রহ ।<br>০৫। সেম্পল ভাইটাল রেজিস্ট্রেশন সিস্টেম (SVRS) ৩ টি নমুনা এলাকায় সুপারভাইজার ও স্থানীয় রেজিষ্টার কতৃক জন্ম,মৃত্যু, তথ্য সংগ্রগের কাজ সম্পন্ন হয়েছে।<br>০৬। মাল্টিপল ইন্ডিকেটর ক্লাস্টার সার্ভে (MICS7) এর সপ্তম রাউন্ড এর লিস্টিং কাজ সম্পন্ন হয়েছে ।<br>০৭। ৪র্থ "অর্থনৈতিক শুমারি- ২০২৪" এর মূল শুমারির তথ্য সংগ্রহ কার্যক্রম সম্পর্কে আলোচনা ।<br>এছাড়াও দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে।</td>
<td>চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং জোরদার করতে হবে।</td>
<td>উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, পীরগঞ্জ।</td>
</tr>
<tr>
<td>১৭</td>
<td>উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ</td>
<td>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় নিম্নরূপ তথ্য উপস্থাপন করেন :<br>
<table>
<tr><td>প্রকল্পের নাম</td><td>ক্র:পুঞ্জিভূত মোট বিতরণ</td><td>চলতি মাসে আদায়</td><td>ক্র:পুঞ্জিভূত মোট আদায়</td><td>খেলাপি/ আদায় যোগ্য</td><td>ক্র:পুঞ্জিভূত ঋণ আদায়ের হার</td><td>সদস্য সংখ্যা</td></tr>
<tr><td>পল্লী প্রগতি প্রকল্প</td><td>১৫৮.৩৩</td><td>১.১০</td><td>১২৭.৫০</td><td>১৪১.৩২</td><td>৮৭%</td><td>৩৬৯</td></tr>
<tr><td>আবর্তক কৃষি</td><td>৭২.৭৪</td><td>-</td><td>৬৩.৮৪</td><td>৪৬.১৬</td><td>১০০%</td><td>১১০</td></tr>
<tr><td>অসচ্ছল মুক্তিযোদ্ধা</td><td>২২.০৬</td><td>-</td><td>২২.৫০</td><td>১৫.৩৪</td><td>৮৭%</td><td>৭৫</td></tr>
<tr><td>গুচ্ছগ্রাম</td><td>৩.৭৫</td><td>-</td><td>৩.৩০</td><td>৩.৭৫</td><td>৮৮%</td><td>৫০</td></tr>
<tr><td>মোট</td><td>২৫১.৩২</td><td>১.১০</td><td>২১৪.৪৬</td><td>২০৫.৩০</td><td>৯২%</td><td>৬০০</td></tr>
</table>
এছাড়াও দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে।</td>
<td>চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং জোরদার করতে হবে।</td>
<td>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, পীরগঞ্জ।</td>
</tr>
<tr>
<td>১৮</td>
<td>উপজেলা বন বিভাগ</td>
<td>উপজেলা বন (ভারপ্রাপ্ত) কর্মকর্তা সভায় জানান যে, দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে।</td>
<td>চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং জোরদার করতে হবে।</td>
<td>এসএফপিসি, পীরগঞ্জ।</td>
</tr>
<tr>
<td>১৯</td>
<td>উপজেলা বরেন্দ্র বিভাগ</td>
<td>সহকারী প্রকৌশলী, বিএমডিএ, সভায় জানান যে, বর্তমানে মোট ২৭১টি সেচযন্ত্র মাঠে ব্যবহার হচ্ছে। এর মধ্যে গভীর নলকূপ ২১৮ টি, বিদ্যুৎ চালিত এলএলপি ৩৭ টি এবং সোলার এলএলপি ২০ টি। বিএমডিএ এর সেচের আওতায় শাক-সবজিসহ বিভিন্ন জাতের রবি শস্য রয়েছে। উপকারভোগী কৃষক পরিবার রয়েছে প্রায় ১০,৪৫০ টি। সর্বপরি বিএমডিএ, পীরগঞ্জ উপজেলা পরিচালিত সেচ পরিস্থিতি স্বাভাবিক এবং সন্তোষজনক রয়েছে। বৃহত্তর দিনাজপুর ও জয়পুরহাট জেলায় বাস্তবায়নাধিন প্রকল্পটির (জিডিজেআইপি) অন্যান্য কার্যক্রমের মধ্যে চারটি সরকারি পুকুর খননের কাজ চলমান রয়েছে এবং দুইটির কাজ শেষ হয়েছে। তাছাড়াও উল্লেখিত প্রকল্পের আওতায় ১০ (দশ) টি এলএলপি স্থাপনের এবং ১২ (বার) টি সেচযন্ত্রের ৫৯০ মিটার সেচ নালা সম্প্রসারণ কাজের লক্ষ্যমাত্রা রয়েছে। সেচযন্ত্র পূর্নঃবাসন প্রকল্পের আওতায় দুইটি সেচযন্ত্রের পূর্নঃবাসন কাজ চলমান রয়েছে। চলতি মাসে ২০২৪-২৫ অর্থ বছরের জন্য সেচযন্ত্রগুলির অপারেটর নিয়োগ কার্যক্রম চলমান রয়েছে। এই</td>
<td>চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং করতে হবে।</td>
<td>সহঃ প্রকৌশলী বরেন্দ্র কর্মকর্তা, পীরগঞ্জ।</td>
</tr>
</table>

| | | | | |
|---|---|---|---|---|
| | | অর্থ বছরে ইআইইসি প্রকল্পের আওতায় ০৮ (আট) টি সেচযন্ত্রের ৫০০ মিটার সেচনালা সম্প্রসারন কাজের লক্ষ্যমাত্রা রয়েছে। জাবরহাট ইউনিয়নের পাঁচটি বিলের জলাবদ্ধতা দূরীকরণ পূর্বক বিলগুলিকে আবাদের আওতায় আনার জন্য প্রকল্প প্রস্তাব মন্ত্রণালয় বরাবরে পাঠানো হয়েছে। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | | |
| ২০ | উপজেলা আনসার ও ভিডিপি বিভাগ | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা সভায় অনুপস্থিত। | আগামী সভা হতে নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, পীরগঞ্জ। |
| ২১ | পল্লী বিদ্যুৎ সমিতি, পীরগঞ্জ | ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি'র এজিএম সভায় জানান যে, বিদ্যুৎ বিল সরকারি রাজস্ব হওয়ায় বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধে সকল শ্রেণীর গ্রাহককে অবহিত করা হয়েছে এবং সংযোগ বিচ্ছিন্ন কার্যক্রম চালু রয়েছে। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহন করতে হবে। | ডিজিএম, পল্লী বিদ্যুৎ, পীরগঞ্জ। |
| ২২ | উপজেলা আইসিটি বিভাগ | উপজেলা আইসিটি কর্মকর্তা সভায় জানান যে, উইমেন আইটি সার্ভিস প্রোভাইডার প্রশিক্ষণ কোর্স এর চার (০৪) টি ব্যাচের প্রশিক্ষণ কার্যক্রম ০৫ অক্টোবর, ২০২৪ খ্রিঃ তারিখে শুরু হয়েছে। পীরগঞ্জ পাইলট উচ্চ বিদ্যালয়ে দুই (০২) টি ও পীরগঞ্জ পি.এস উচ্চ বিদ্যালয়ে দুই (০২) টি ব্যাচের ছয় (০৬) মাস ব্যাপী প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া নারী ফ্রিল্যান্সিং, ওয়েব ডেভেলপমেন্ট, ডিজিটাল মার্কেটিং প্রশিক্ষণ ব্যাচের উননব্বই তম (৮৯) ক্লাশ চলমান রয়েছে। প্রশিক্ষণ কার্যক্রমসমূহ ১৩২ দিন ব্যাপী চলমান থাকবে। তিনি সভায় আরো জানান যে, SET Centre (উপজেলা আইসিটি অফিস) নির্মাণ কাজ চলমান রয়েছে। বর্তমানে উডেন ডেকোরেশন এর কাজ চলছে। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং আরও জোরদার করতে হবে। | উপজেলা আইসিটি কর্মকর্তা, পীরগঞ্জ। |
| ২৩ | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি), স্থানীয় সরকার বিভাগ | ইউডিএফ সভায় জানান যে, ইউজিডিপি কর্তৃক বাস্তায়িত কার্যক্রমের (সক্ষমতা ও অবকাঠামো) মাঠ পর্যায়ে নিয়মিতভাবে সরেজমিনে পরিদর্শন ও মনিটরিং চলমান রয়েছে। ইউজিডিপি প্রকল্পের বাস্তবায়িত কার্যক্রমের ব্যবহারকারী কর্তৃপক্ষ অপারেশন ও রক্ষণাবেক্ষণের যাবতীয় ব্যয়ভার বহন করবেন। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং জোরদার করতে হবে। | ইউডিএফ পীরগঞ্জ। |
| ২৪ | তথ্যসেবা কেন্দ্র | তথ্যসেবা আপা সভায় জানান যে, মোট ৫০৫ জন সেবা গ্রহিতাকে সেবা প্রদান করা হয়েছে। তথ্যকেন্দ্রের কার্যক্রম চলমান রয়েছে। | উঠান বৈঠকের মাধ্যমে মাদকাশক্তি, কুরুচিপূর্ণ কথা/আচরণ, মোবাইল আশক্তি জুয়াসহ অন্যান্য খারাপ দিকগুলি ও নিরাপদ খাদ্য, আইনগত সহায়তাসহ অন্যান্য গুরুত্বপূর্ণ বিষয়ে জনগণের সচেতনতা বাড়াতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | উপজেলা তথ্যসেবা আপা, পীরগঞ্জ। |

সভাপতি প্রশাসক, উপজেলা পরিষদ সভায়, সরকারি কর্মকর্তা-কর্মচারীদের সরকারি বিধি-বিধানের আলোকে জনগণের সেবায় নিয়োজিত থাকার জন্য আহবান জানান ও সকলের সুস্বাস্থ্য কামনা করেন।

আর অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২১/১১/২০২৪
(মোঃ রমিজ আলম)
প্রশাসক
উপজেলা পরিষদ
পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

# পীরগঞ্জ উপজেলা পরিষদ
## পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
## https://pirganj.thakurgaon.gov.bd

নং- ৪৬.৫৫.৯৪৮২.০০৪.০৬.০০১.২৪-৮০(৫০)

তারিখ: ০৬ অগ্রহায়ণ ১৪৩১ / ২১ নভেম্বর ২০২৪

**বিতরণ : সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৪। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।
৫। জেলা প্রশাসক, ঠাকুরগাঁও।
৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, ঠাকুরগাঁও।
৭। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, ঠাকুরগাঁও।
৮। উপজেলা........................................................... (সকল) কর্মকর্তা, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
৯। চেয়ারম্যান,.......................................... (সকল) ইউ.পি. পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
১০। জনাব,........................................................ ।

২১/১১/২০২৪
(মোঃ রমিজ আলম)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
পীরগঞ্জ উপজেলা পরিষদ
পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

# পীরগঞ্জ উপজেলা পরিষদ
## পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
## https://pirganj.thakurgaon.gov.bd

### সভায় উপস্থিত সদস্য বৃন্দঃ পরিশিষ্ট - 'ক'

| ক্রমিক নং | কর্মকর্তা | স্বাক্ষর |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ১ | চেয়ারম্যান, ১ নং ভোমরাদহ ইউনিয়ন পরিষদ, পীরগঞ্জ | স্বাক্ষরিত |
| ২ | চেয়ারম্যান, ২ নং কোষারাণীগঞ্জ ইউনিয়ন পরিষদ, পীরগঞ্জ | স্বাক্ষরিত |
| ৩ | চেয়ারম্যান, ৩ নং খনগাঁও ইউনিয়ন পরিষদ, পীরগঞ্জ | স্বাক্ষরিত |
| ৪ | চেয়ারম্যান, ৫ নং সৈয়দপুর ইউনিয়ন পরিষদ, পীরগঞ্জ | স্বাক্ষরিত |
| ৫ | চেয়ারম্যান, ৬ নং পীরগঞ্জ ইউনিয়ন পরিষদ, পীরগঞ্জ | স্বাক্ষরিত |
| ৬ | চেয়ারম্যান, ৭ নং হাজীপুর ইউনিয়ন পরিষদ, পীরগঞ্জ | স্বাক্ষরিত |
| ৭ | চেয়ারম্যান, ৮ নং দৌলতপুর ইউনিয়ন পরিষদ, পীরগঞ্জ | স্বাক্ষরিত |
| ৮ | চেয়ারম্যান, ৯ নং সেনগাঁও ইউনিয়ন পরিষদ, পীরগঞ্জ | স্বাক্ষরিত |
| ৯ | চেয়ারম্যান, ১০ নং জাবরহাট ইউনিয়ন পরিষদ, পীরগঞ্জ | স্বাক্ষরিত |
| ১০ | চেয়ারম্যান, ১১ নং বৈরচুনা ইউনিয়ন পরিষদ, পীরগঞ্জ | স্বাক্ষরিত |
| ১১ | উপজেলা প্রকৌশলী | স্বাক্ষরিত |
| ১২ | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ১৩ | উপজেলা পঃ পঃ কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ১৪ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ১৫ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ১৬ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা'র প্রতিনিধি | স্বাক্ষরিত |
| ১৭ | উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ১৮ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ১৯ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক | স্বাক্ষরিত |
| ২০ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা'র প্রতিনিধি | স্বাক্ষরিত |
| ২১ | উপজেলা সমবায় কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ২২ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ২৩ | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা'র প্রতিনিধি | স্বাক্ষরিত |
| ২৪ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ২৫ | এসএফপিসি | স্বাক্ষরিত |
| ২৬ | সহকারি প্রকৌশলী, বরেন্দ্র | স্বাক্ষরিত |
| ২৭ | ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি'র প্রতিনিধি এজিএম | স্বাক্ষরিত |
| ২৮ | উপজেলা আইসিটি কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ২৯ | ইউডিএফ, ইউজিডিপি, স্থানীয় সরকার বিভাগ | স্বাক্ষরিত |
| ৩০ | তথ্যসেবা আপা | স্বাক্ষরিত |

**(বিঃদ্রঃ জৈষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)**

## পীরগঞ্জ উপজেলা পরিষদ
## পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
## https://pirganj.thakurgaon.gov.bd

# সভায় অনুপস্থিত সদস্য বৃন্দঃ পরিশিষ্ট - 'খ'

| ক্রমিক নং | কর্মকর্তা | স্বাক্ষর |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ১ | উপজেলা কৃষি কর্মকর্তা | অনুপস্থিত |
| ২ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | অনুপস্থিত |
| ৩ | উপঃ সহঃ প্রকৌশলী জনস্বাস্থ্য | অনুপস্থিত |
| ৪ | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা | অনুপস্থিত |

(বিঃদ্রঃ জৈষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)